মাসিক

# ডাইফ বার্তা

*"শোভন কর্মপরিবেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"*

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১ম বর্ষ • সংখ্যা ০২ • নভেম্বর ২০১৭

**অধিদপ্তরের কার্যক্রম: (জুলাই-সেপ্টেম্বর) ২০১৭**

| কার্যক্রম | সংখ্যা |
|---|---|
| পরিদর্শিত কারখানা ও প্রতিষ্ঠান | ১০৭০৫ |
| অভিযোগ গ্রহণ | ৬১৩ |
| অভিযোগ নিষ্পত্তি | ৫৮২ |
| শ্রম আইন লঙ্ঘনের দায়ে মামলা | ৪৮৩ |
| শিশু শ্রমের বিরুদ্ধে মামলা | ০ |
| গণশুনানি নিষ্পত্তি | ২৮২ |
| উদ্বুদ্ধকরণ সভা | ২৪৮ |
| নতুন লাইসেন্স | ২৩৫১ |
| নবায়নকৃত লাইসেন্স | ৬২৮১ |
| দেশি/বিদেশি প্রশিক্ষণ | ১৩ |
| প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থী | ১২০ |

## জাতীয় উদ্যোগের আওতাধীন তৈরি পোশাক কারখানাগুলোর সংস্কার কাজের অগ্রগতি

জাতীয় উদ্যোগের অধীনে থাকা পোশাক কারখানাগুলোর প্রাথমিক মূল্যায়নের পর সবচেয়ে বড় চ্যালেঞ্জ কারখানা সংস্কার। সংস্কারের জন্য চিহ্নিত ১৫৪৯ টি কারখানার মধ্যে ইতোমধ্যে ৫১৩ টি বন্ধ, ৬৪ টি অন্যত্র স্থানান্তর, ১৪ টি ইপিজেডভুক্ত, ১৭৮ টি অ্যাকর্ড এবং অ্যালায়েন্সভুক্ত হওয়ায় বর্তমানে ৭৮০ টি কারখানার সংস্কার কাজ ডাইফ কর্তৃক সম্পাদিত হচ্ছে।

সংস্কার কাজ দ্রুততর করতে কারখানা মালিকদের সঙ্গে ১৯ টি মতবিনিময় সভা করা হয়েছে। সভায় কারখানা সংস্কারে সমস্যা এবং বাধাসমূহ নিয়ে মতবিনিময় হয় এবং কারখানা মালিকগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। চিহ্নিত ত্রুটিসমূহ সংশোধন কর ত এপ্রিল ২০১৮ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করে দিয়ে মালিকপক্ষের সঙ্গে চুক্তি করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে সংস্কার সম্পন্ন করতে ব্যর্থ হলে কারখানার লাইসেন্স বাতিল, কারখানা বন্ধ করে দেওয়াসহ অন্যান্য আইনি পদক্ষেপ গ্রহণ করা ছাড়া বিকল্প থাকবে না মর্মে সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে সিদ্ধান্ত হয়।

মতবিনিময় সভার পর বর্তমানে মাঠ পর্যায়ে সংস্কার কাজের তদারকি করা হচ্ছে। চুক্তি অনুযায়ী সংস্কার সম্পন্ন হচ্ছে কিনা তা মূল্যায়নের জন্য নভেম্বর, ২০১৭ থেকে ফলোআপ সেশন শুরু হয়েছে।




পোশাক কারখানা সংস্কার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভায় কারখানা মালিকদের সঙ্গে DIFE-এর পদস্থ কর্মকর্তাবৃন্দ।

## ই-ফাইলিং-এ শীর্ষে DIFE

ই-ফাইলিং ব্যবস্থাপনায় শীর্ষস্থান অর্জন করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। ১২ নভেম্বর, ২০১৭ প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ঘোষিত সাপ্তাহিক র‍্যাংকিং -এ ১৭৩ টি অধিদপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে DIFE এই সাফল্য অর্জন করেছে।

তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে সেবা প্রদানের লক্ষ্যে ই-ফাইলিং প্রবর্তনে জোর দিয়েছে বর্তমান সরকার। ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প ২০২১ বাস্তবায়নে কার্যকর টুল হিসেবে ব্যবহৃত হচ্ছে ই-ফাইলিং। এজন্য ২০১৮ খৃষ্টাব্দের মধ্যে প্রায় ১৯০০০টি সরকারি অফিসে নথি-পত্রাদির ইলেক্ট্রনিক ব্যবস্থাপনা (ই-ফাইলিং) চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বর্তমান সরকার। এ বছরের ফেব্রুয়ারিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে দাপ্তরিক কাজে ই-ফাইলিং ব্যবহার শুরু হয় এবং অক্টোবর হতে শতভাগ কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে।




## পরিদর্শকদের দক্ষতাবৃদ্ধিতে ডেনমার্ক সরকারের সহায়তা

"বাংলাদেশ-ডেনমার্ক স্ট্র্যাটেজিক সেক্টর কো-অপারেশন (এসএসসি)" -প্রকল্পের আওতায় ডেনমার্ক সরকার বাংলাদেশের শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও সেইফটি উন্নয়নে কাজ করে যাচ্ছে। তিন বছর মেয়াদী এই প্রকল্পের (২০১৬-২০১৮) অর্থায়নে ডাইফ-এর শ্রম পরিদর্শনের তথ্য সংরক্ষণে ডিজিটাল পদ্ধতি ব্যবহারের জন্য ২৮৬ টি ট্যাব দেয়া হয়েছে। এছাড়া শ্রম পরিদর্শকদের দক্ষতা বৃদ্ধির জন্য মেশিনারি সেইফটি, অ্যাক্সিডেন্ট প্রিভেনশন, আরগোনোমিকস, কেমিক্যাল সেইফটি, কন্সট্রাকশন সেইফটি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় এ পর্যন্ত ১৬ টি ধাপে বিভিন্ন পর্যায়ের ১২৮ জন শ্রম পরিদর্শক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।



অ্যাক্সিডেন্ট প্রিভেনশন বিষয়ে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন অতিরিক্ত মহাপরিদর্শক ড. আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ।



কিশোরগঞ্জে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের চেক হস্তান্তর করছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি।

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের DIFE পরিদর্শন

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয় পরিদর্শন এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় করেছেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নব নিযুক্ত সচিব জনাব আফরোজা খান। তিনি ২৪ আগস্ট ২০১৭ ভারপ্রাপ্ত সচিব হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে যোগদান করেন।

১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। মহাপরিদর্শক মহোদয় অধিদপ্তরের কার্যক্রমের অগ্রগতি, কর্মকাণ্ড এবং চলমান প্রকল্পসমূহ সম্পর্কে সচিব মহোদয়কে অবহিত করেন।

সভায় সচিব মহোদয় বেশ কিছু দিক-নির্দেশনা প্রদান করেন। এর মধ্যে, রেজিস্ট্রিকৃত কারখানার সংখ্যা বৃদ্ধি করতে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ, ইনোভেশন কার্যক্রম বৃদ্ধিতে গুরুত্বারোপ, তৈরি পোশাক শিল্পের পাশাপাশি অন্যান্য সেক্টরকেও গুরুত্ব প্রদান, অকুপেশনাল সেফটি এবং হেলথ ইন্সটিটিউট প্রতিষ্ঠা, কমপ্লায়েন্স কারখানার সংখ্যা বৃদ্ধি, ই-নথির ব্যবহার বৃদ্ধি, অনলাইন লাইসেন্স প্রদান কার্যক্রমে কারখানা মালিকগণকে উদ্বুদ্ধকরণ, DIFE প্রধান কার্যালয়ে একটি ডে-কেয়ার স্থাপন অন্যতম।

বাংলাদেশ শ্রম আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কর্মরত সকলের দায়িত্ব আরও নিষ্ঠার সাথে পালনের তাগিদ দেন তিনি।



DIFE-এর প্রধান কার্যালয়ে সচিবকে অভ্যর্থনা জানাচ্ছেন অধিদপ্তরের মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শক এবং অন্যরা।

**সম্পাদক ও প্রকাশক:** মোঃ সামছুজ্জামান ভূইয়া, মহাপরিদর্শক, ২৩-২৪ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। **ইমেইল:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd

MONTHLY

# DIFE BULLETIN

*"Decent workplace, way forward Bangladesh"*

**Department of Inspection for Factories and Establishments (DIFE), Ministry of Labour and Employment** **Year 01** • **Issue 02** • **November, 2017**

## DEPARTMENT'S ACTIVITIES: (JULY-SEPTEMBER) 2017

| Activities | Number |
|---|---|
| Inspected Factories & Establishments | 10705 |
| Complaint received | 613 |
| Disposal of Complaint | 582 |
| Case for labour law violation | 483 |
| Case filed against child labour | 0 |
| Disposal of public hearing | 282 |
| Motivational meeting | 248 |
| New License issued | 2351 |
| License renewed | 6281 |
| Training at home and abroad | 13 |
| Participants in trainings | 120 |

## PROGRESS IN REMEDIATION WORK IN RMG FACTORIES UNDER NATIONAL INITIATIVE

After the preliminary assessment period, remediation of the RMG factories has become a big challenge. Among 1549 factories identified for remediation under national initiative, 513 have already been closed, 64 shifted elsewhere, 14 went under the jurisdiction of EPZ and 178 factories went under the supervision of Accord and Alliance. Therefore, at present, remediation of 780 factories is being carried out under the supervision of DIFE.

DIFE has completed 19 meetings with factory owners for remediation work. Problems and obstacles at the remediation process were discussed in the meetings. DIFE has given useful directions to the factory owners to speed up remediation. An agreement with the factory owners was made to complete their remediation by April 2018. In case of failure to complete the remediation within the stipulated time, DIFE will take stern action, e. g. cancellation of the license, closure of the factory and other legal steps.

After the meetings with the factory owners, monitoring of remediation work at field level is going on. Follow-up session has been commenced from November 2017 in order to check whether the remediation work is on progress according to the contract or not.




DIFE high-ups with factory owners in a view exchange meeting to expedite the garment factory remediation.

## DIFE ON TOP IN E-FILING

DIFE has secured the top place in e-filing management among 173 departments and organizations in the weekly ranking announced by the Prime Minister's Office on November 12, 2017.

The present government has emphasized on introducing e-filing aiming at providing easy and quick service using information technology. E-Filing is used as an effective tool for implementing the vision of Digital Bangladesh or Vision 2021. For this reason, the present government has decided to start electronic management of documents (e-filing) at about 19000 government offices by 2018. Introducing e-filing system in February this year, DIFE has been doing cent percent of its activities through the system since October.




## DANISH SUPPORT TO IMPROVE INSPECTORS' EFFICIENCY

Danish government has been working to improve the occupational health and safety of Bangladesh's workers under Bangladesh-Denmark Strategic Sector Cooperation (SSC) project. In the three-year project (2016-2018), 286 tabs have been provided for carrying out inspection digitally. Besides, training on machinery safety, accident prevention, ergonomics, chemical safety, construction safety is being provided to increase the efficiency of labour inspectors. A total of 128 labour inspectors have taken training in 16 phases so far.



Additional Inspector General Dr. Anwar Ullah, FCMA, distributed certificates among participants on Accident Prevention Training.



State Minister Mr. Md. Mujibul Haque, MP, handed over cheque from Bangladesh Labour Welfare Foundation to the worker during his visit at Kishoreganj.

## HON'BLE SECRETARY OF MOLE VISITS DIFE

Ms. Afroza Khan, newly appointed secretary to the Ministry of Labour and Employment (MOLE), visited head office of DIFE on September 18, 2017. She joined the Ministry of Labour and Employment as the secretary in charge on 24 August, 2017.

The honourable secretary exchanged views with the employees of DIFE at the conference room. Inspector General of DIFE presented progress of the department to the secretary and explained present activities, priority works and ongoing projects.

The secretary emphasized on increasing registered factories, progress of innovation activities, giving importance on the other sectors along with RMG sector, establishing Occupational Safety and Health Institute, establishing a day-care centre at DIFE head office, increasing compliance factories, enhancing use of e-filing, persuading the owners of the factories in online licensing.

She urged to work with more devotion to build Bangladesh as a developed country by implementing the Bangladesh Labour Act and Bangladesh Labour Rules.



Inspector General, Additional Inspector General and others welcome the Secretary at DIFE head office

**Editor & Publisher:** Md. Shamsuzzaman Bhuiyan, IG, 23-24 Karwan Bazar, Dhaka-1215. **E-mail:** ig@dife.gov.bd; **Web:** www.dife.gov.bd